দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 APR 2016 ...
পৃষ্ঠা ..৭..৫.. কলাম..৫.......

# নিয়মিত ক্লাস না হওয়ায় শিক্ষক অবরুদ্ধ

■ **আগৈলঝাড়া (বরিশাল) সংবাদদাতা**

বরিশালের আগৈলঝাড়ার বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়ে দীর্ঘ দিন ধরে নিয়মিত ক্লাস না হওয়ায় শিক্ষার্থীরা পাঁচ শিক্ষককে লাইব্রেরি-কক্ষে অবরুদ্ধ করে লাঞ্ছিত করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। বৃহস্পতিবার ছাড়াও দ্বিতীয় দিনের মতো শনিবার স্কুল ক্যাম্পাস এবং এর আশপাশে বিক্ষোভ মিছিল করেছে শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের সঙ্গে বিক্ষোভ করেছেন অভিভাবকরাও।

সরেজমিনে শিক্ষার্থী, অভিভাবক ও স্থানীয়সূত্রে জানা গেছে—উপজেলার বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়ে দীর্ঘ দিনেও শিক্ষক নিয়োগ দিতে না পারায় নিয়মিত পাঠ গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে শিক্ষার্থীরা। ক্লাসের জন্য শিক্ষার্থীরা স্কুল-শিক্ষকদের অনুরোধ করলেও শিক্ষক সংকটের কারণে পর্যাপ্ত ক্লাস হচ্ছে না। এরই ধারাবাহিকতায় শনিবার সকালে শিক্ষার্থীরা ক্লাসের দাবিতে স্কুল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শুরু করে। একপর্যায়ে যোগ দেন অভিভাবকরাও। বিক্ষোভের এ সময় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা শিক্ষক প্রশান্ত কুমার জয়ধর, অপূর্ব লাল হাজরা, জগদীশ চন্দ্র মণ্ডল, অশোক কুমার দত্ত ও সাবিত্রী হালদারকে লাঞ্ছিত করে লাইব্রেরি-কক্ষে অবরুদ্ধ করে তালা ঝুলিয়ে দেয় বলে জানা গেছে। পরে বিক্ষোভ মিছিল স্থানীয় বাজার এবং আশপাশের এলাকায় ছড়িয়ে পড়ে।

এর আগে বৃহস্পতিবার সকালেও বিক্ষুব্ধ শিক্ষার্থীরা স্কুল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে স্কুলের প্রধান গেটসহ শ্রেণিকক্ষগুলোতে তালা ঝুলিয়ে দেয়।

নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় একাধিক শিক্ষক ও অভিভাবক বলেন—স্কুল কর্তৃপক্ষ শূন্য পদগুলোতে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করলেও বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সভাপতির অনিয়মের পাঁয়তারার কারণে চারটি শিক্ষকের পদ শূন্য পড়ে আছে।

শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিল, শিক্ষকদের অবরুদ্ধ করে রাখা এবং লাইব্রেরি-কক্ষে তালা ঝোলানোর ঘটনার সত্যতা স্বীকার করে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পুলিন মল্লিক বলেন, 'জ্বর হওয়ার কারণে স্কুলে যাইনি, ছুটিতে আছি। শিক্ষক নিয়োগ নিয়ে সমস্যা হওয়ায় এ অবস্থার সৃষ্টি হয়েছে।'